

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬১.১৯-৫৫

তারিখঃ ১২ মাঘ ১৪২৬
২৬ জানুয়ারি ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১০৮৬৪/২০১৯ মামলায় ০৪.১১.১৯ তারিখের আদেশের আলোকে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন আজাপাড়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি অনুমোদনের আবেদন।

সূত্রঃ আজাপাড়া দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা স্মারক নং-আদামা.৭১/১৯ তারিখ: ০১.১২.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন আজাপাড়া দাখিল মাদ্রাসার বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করে প্রয়োজনীয় ব্যাংক ড্রাফট বা বোর্ডের ফিসহ গত ১২.০৫.১৯ খ্রি. তারিখে রেজিস্ট্রার বরাবরে ১২ সদস্যের কমিটির তালিকা, নির্বাচনী তফশীল, নির্বাচনের ফলাফল প্রতিবেদন ও প্রয়োজনীয় কাগজপত্রাদি Online Application করা হয়।

০২। দীর্ঘদিন যাবত কমিটি গঠনের অনুমোদন না পাওয়ায় মাদ্রাসা সূষ্ঠ পরিচালনার স্বার্থে গত ০৪.০৯.১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১০৮৬৪/২০১৯ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ০৪.১১.১৯ তারিখে যে রায়/আদেশ প্রদান করা হয়েছে, উক্ত রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

Accordingly, respondent No. 4 the Registrar, Bangladesh Madrasha Educaion Board, Bokshibazar, Dhaka, is directed to dispose of representation/application dated 12.05.2019 submitted before him by the petitioner for approving of the Managing Committee of the Madrasha in question within a period of 30 (thirty) days from the date of receipt of this order, in accordance with law.


With the above observatios and directions the application is disposed of.

০৩। উক্ত রিট মামলার রায়/আদেশের আলোকে আজাপাড়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি অনুমোদনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য TMED এর সচিব মহোদয় বরাবর সূত্রমূলে আবেদন করা হয়।

০৩। যেহেতু উক্ত রিট মামলায় ০৪.১১.১৯ তারিখের আদেশে পিটিশনারের গত ১২.০৫.১৯ তারিখের আবেদনটি (যা রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ১২.০৫.১৯ তারিখের আবেদনটি মহোদয় কর্তৃক নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১০৮৬৪/১৯ মামলায় গত ০৪.১১.১৯ তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ১২.০৫.১৯ তারিখের আবেদনটি নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ০৫.০২.২০ তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-১০৮৬৪/১৯ এর আদেশের কপি-০৩ (তিন) পাতা।
খ. পিটিশনারের ১২.০৫.১৯ তারিখের আবেদনের কপি- ০১ (এক) পাতা


(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সুপার, আজাপাড়া দাখিল মাদ্রাসা, ডাক-বামনডাঙ্গা, উপজেলা-সুন্দরগঞ্জ, জেলা-গাইবান্ধা।
- ৬। মাস্টার কপি/অফিস কপি।